



বাংলাদেশ ফুটবল ফেডারেশন BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ২২-০৬-২০২১

সংবাদ বিজ্ঞপ্তিঃ

অদ্য ২২-০৬-২০২১ তারিখ বিকাল ৩.৩০ ঘটিকায় বাংলাদেশ ফুটবল ফেডারেশন এর প্রফেশনাল লীগ ম্যানেজমেন্ট কমিটির চেয়ারম্যান ও বাংলাদেশ ফুটবল ফেডারেশন এর সিনিয়র সহ-সভাপতি জনাব আব্দুস সালাম মুর্শেদী, এমপি এর সভাপতিত্বে প্রফেশনাল লীগ ম্যানেজমেন্ট কমিটির আওতাধীন 'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১' সম্পর্কিত উপকমিটির একটি জরুরি সভা অনলাইন প্ল্যাটফরম জুম এর মাধ্যমে অনুষ্ঠিত হয়। সভায় মোহামেডান স্পোর্টিং লিমিটেড এর সদস্য প্রতিনিধি ব্যতীত কমিটির ডেপুটি চেয়ারম্যান ও অন্যান্য সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

ঢাকার আশেপাশের ৭টি জেলায় কোভিড-১৯ পরিস্থিতির কারণে কঠোর লকডাউন ঘোষণা করায় সভায় 'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১' এর খেলাসমূহ ঢাকাস্থ বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম এবং ঢাকার অভ্যন্তরে অথবা নিকটবর্তী অন্যান্য ভেন্যুতে আয়োজন করা নিয়ে আলোচনা করা হয়।

উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে অদ্য ২২-০৬-২০২১ তারিখের সভাটি মূলতবী ঘোষণা করা হয় এবং কমিটি কর্তৃক আগামীকাল ২৩-০৬-২০২১ তারিখ বিকাল ৪.০০ ঘটিকায় মূলতবী সভাটি পুনরায় আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভাটি অনলাইন প্ল্যাটফরম জুম এর মাধ্যমে অনুষ্ঠিত হবে এবং সভাশেষে আনুষ্ঠানিক সংবাদ সম্মেলন অনলাইন প্ল্যাটফরম জুম এর মাধ্যমে অনুষ্ঠিত হবে। জুম এর লিংক ও আইডি-পাসওয়ার্ড যথাসময়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হবে।

আহসান আহমেদ অমিত
হেড অব মিডিয়া
বাংলাদেশ ফুটবল ফেডারেশন